গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
আইসিটি অধিশাখা

স্মারক নং-৩৫.০০.০০০০.০৫৩.০৭.০০২.১৬-০১ তারিখ: ০২-০১-২০২৫ খ্রিস্টাব্দ।

সূত্র: প্রধান প্রকৌশলী, সওজ এর স্মারক নং-৩৫.০১.০০০০.০০১.৯৯.০০৩.২৪-২৩৯৪, তারিখ: ২৯.১২.২০২৪ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি সড়ক পরিবহন ও সড়ক বিভাগের অফিসে ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত হওয়ার কারণে অফিসের কার্যক্রম সম্পূর্ণভাবে স্থবির হয়ে গেছে। নতুন অফিস স্থাপন এবং সংশ্লিষ্ট কার্যক্রম পুনরায় চালু করতে সময় লাগছে। বর্তমানে রেলভবনে অস্থায়ীভাবে অফিসিয়াল কার্যক্রম শুরুর প্রক্রিয়া চলছে। উদ্ভূত পরিস্থিতিতে ই-জিপি প্ল্যাটফর্মে চলমান এবং প্রক্রিয়াধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের টেন্ডারসমূহের সংযুক্ত তালিকার ১-১৩ ক্রমের মেয়াদ শেষ হয়ে যাওয়ার ঝুঁকি রয়েছে, যা সরকারি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বিলম্ব সৃষ্টি করতে পারে। উল্লেখ্য, ইতোমধ্যে উল্লেখিত টেন্ডারের বৈধতার মেয়াদ ২য় বার পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এক্ষণে, সরকারি প্রকল্পগুলোর কার্যক্রম স্বাভাবিক রাখতে ই-জিপি প্ল্যাটফর্মে চলমান এবং প্রক্রিয়াধীন ক্রম নং ১-১৩ টেন্ডারের বৈধতার মেয়াদ ৩য় মেয়াদে ই-জিপি সিস্টেমে বর্ধিত করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, সরকারি প্রকল্পগুলোর কার্যক্রম স্বাভাবিক রাখতে ই-জিপি প্ল্যাটফর্মে চলমান এবং প্রক্রিয়াধীন ক্রম নং ১-১৩ টেন্ডারের বৈধতার মেয়াদ ই-জিপি সিস্টেমে ১২০ দিন (৩য় বার) বর্ধিত করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

02/01/2025

(কাজী আব্দুল্লাহ আল-মামুন)
সিনিয়র প্রোগ্রামার
মোবাইল_ ০১৬৭৪-৯৮১৯২৭
ই-মেইল: srprog@rthd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, পরিকল্পনা কমিশন ক্যাম্পাস
শেরে বাংলানগর, ঢাকা

অনুলিপি:
০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা
০৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা
০৫. অফিস কপি।

CamScanner